# উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন ও প্রকাশনা

অর্থ বছর: ২০২০-২০২১

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

**বস্ত্র ও পাট মন্ত্রণালয়**

# ভূমিকা

সরকারি কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে নাগরিক সেবা সহজিকরণ ও সুশাসন সুসংহতকরণে জনপ্রশাসনে উদ্ভাবন চর্চার ভূমিকা গুরুত্বপূর্ণ। পৃথিবীর অনেক দেশেই সরকারি সেবা প্রক্রিয়াকে সহজতর ও জনবান্ধব করার লক্ষ্যে উদ্ভাবন কার্যক্রম বিকাশের উদ্দেশ্যে বিভিন্ন পর্যায়ে ইনোভেশন টিম গঠন করা হয়েছে। উদ্ভাবন উদ্যোগ গ্রহণ ও উদ্যোগ গ্রহণের সুযোগ সৃষ্টি, দক্ষতা উন্নয়ন এবং প্রয়োজনীয় নীতি-পদ্ধতি প্রণয়নে ইনোভেশন টিমসমূহ উল্লেখযোগ্য ভূমিকা রাখছে।

বাংলাদেশের জনপ্রশাসনে উদ্ভাবন-চর্চার বিষয়টিকে প্রাতিষ্ঠানিক রূপ প্রদানের লক্ষ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/সংস্থা এবং জেলা ও উপজেলা পর্যায়ে একটি করে 'ইনোভেশন টিম 'গঠনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ ২০১৩ সালে একটি প্রজ্ঞাপন জারি করে। সে ধারাবাহিকতায় উদ্ভাবন উদ্যোগ গ্রহণ ও উদ্যোগ গ্রহণের সুযোগ সৃষ্টি, দক্ষতা উন্নয়ন এবং প্রয়োজনীয় নীতি-পদ্ধতি প্রণয়নে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডেও ইনোভেশন টিম গঠন করা হয়েছে।

চলতি অর্থ বছরে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের নির্দেশনা, সার্বিক সহযোগিতায় এবং বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের মহাপরিচালক মহোদয়ের নির্দেশনায় একটি কর্মপরিকল্পনা প্রস্তুতপূর্বক সঠিক সময়ে তা বাস্তবায়ন করা হচ্ছে। চলতি অর্থ বছরে ৩টি উদ্ভাবনী উদ্যোগ নেওয়া হয়েছে যা নির্দিষ্ট সময়ে বাস্তাবায়ন করা হয়েছে। উদ্ভাবনী উদ্যোগসমূহ বাস্তবায়নের ফলে সার্বক সেবা দান প্রক্রিয়া অনেক সহজতর হয়েছে। আশা করা যাচ্ছে আগামীতে আরও উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের মাধ্যমে বর্তমান সরকারের নির্দেশনার আলোকে বিভিন্ন সেক্টরে সেবা প্রদান সহজ থেকে অধিকতর সহজতর করা হবে।

ইনোভেশন টিম
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
প্রশাসন শাখা

স্মারক নম্বর: ২৪.০৬.০০০০.০০৭.০৬.০০৪.২০.২৭০

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪২৭
২৯ নভেম্বর ২০২০

বিষয়: **ইনোভেশন টিম এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়ন।**

নিম্নরূপভাবে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের ইনোভেশন টিম গঠন এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়ন করা হলো।

ইনোভেশন টিম এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা

| ক্রঃনং | পদবী | মোবাইল ও ইমেল | দায়িত্ব |
|---|---|---|---|
| ১. | পরিচালক (উৎপাদন ও বিপণন) | ০১৭১৮১৯২১৪৫<br>mem.pro@bsb.gov.bd | ইনোভেশন অফিসার |
| ২. | পরিচালক (প্রশাসন) | ০১৭৩১-০৪১৯১২<br>sec.admin@bsb.gov.bd | সদস্য |
| ৩. | প্রধান সম্প্রসারণ কর্মকর্তা | ০১৭২২-৫২২৩৮৮<br>cro.extn@bsb.gov.bd | সদস্য |
| ৪. | প্রধান উৎপাদন ও বিপণন কর্মকর্তা | ০১৭২২-৫২২৩৮৮<br>cpm.pro@bsb.gov.bd | সদস্য |
| ৫. | প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা | ০১৭১৬-৪১১৩৯৩<br>cao.acc@bsb.gov.bd | সদস্য |
| ৬. | নির্বাহী প্রকৌশলী | ০১৫৫৮-৩৫২৬০০<br>exen.eng@bsb.gov.bd | সদস্য |
| ৭. | জনসংযোগ কর্মকর্তা | ০১৭৩১-৫০৮৪৭৭<br>pro.pub@bsb.gov.bd | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৮. | সহকারী পরিচালক (মনিটরিং) | ০১৭১২-০৫৪০৫৮<br>unashir1988@gmail.com | বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

ইনোভেশন টিমের কার্যপরিধি

১। স্ব স্ব কার্যালয়ের সেবাপ্রদান প্রক্রিয়া এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়ন।
২। এই সংক্রান্ত কার্যক্রমের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বৎসরের শুরুতে মাসিক সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন।
৩। প্রতিমাসে টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন।
৪। মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/জেলা/উপজেলা পর্যায়ে গঠিত সংশ্লিষ্ট অন্যান্য ইনোভেশন টিমের সহিত যোগাযোগ ও সমন্বয় সাধন এবং
৫। প্রতি বৎসর ৩১ জানুয়ারীর মধ্যে পূর্ববর্তী বৎসরের একটি পূর্ণাঙ্গ বাৎসরিক প্রতিবেদন প্রণয়ন এবং স্বীয় ওয়েবসাইটে প্রকাশ করা।

২৯-১১-২০২০
সৈয়দ মোস্তাক হাসান
সচিব

বিতরণ :

১) পরিচালক, উৎপাদন ও বিপণন বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
২) পরিচালক , প্রশাসন বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
৩) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), হিসাব ও বাজেট শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
৪) প্রধান সম্প্রসারণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), সম্প্রসারণ নিয়ন্ত্রণ শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
৫) প্রধান উৎপাদন ও বিপণন কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), উৎপাদন ও বিপণন অনুবিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
৬) নির্বাহী প্রকৌশলী, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
৭) জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
৮) সহকারি পরিচালক মনিটরিং, সম্প্রসারণ নিয়ন্ত্রণ শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

স্মারক নম্বর: ২৪.০৬.০০০০.০০৭.০৬.০০৪.২০.২৭০/১(৩৯)

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪২৭
২৯ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ)/(অর্থ ও পরিকল্পনা)/(সম্প্রসারণ)/(উৎপাদন ও বিপণন)/(প্রশাসন), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
২) প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/প্রধান পরিকল্পনা/প্রধান উৎপাদন ও বাজারজাতকরণ কর্মকর্তা/প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী
৩) উর্দ্ধতন উপ-প্রধান (সমন্বয়), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
৪) নির্বাহী প্রকৌশলী/উপ প্রধান নিরীক্ষক/উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/উপ-পরিচালক(বীজ)/উর্দ্ধতন পরিসংখ্যান কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন

**বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড**
**রাজশাহী ।**
**চলতি অর্থ বছরে উদ্ভাবনী ধারণার তথ্য**

| ক্র: নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের যৌক্তিকতা | উদ্ভাবনের ছবি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণের ১৮ মাসের অভোগ্য অর্জিত ছুটি নগদায়ন (লামগ্র্যান্ড) অর্থ এবং গ্রাচ্যুইটির অর্থ পরিশোধের সেবা সহজিকরণ | পেনশন/গ্রাচ্যুইটির অর্থ প্রদানে সহজিকরণের বিষয়ে সরকারি নির্দেশনা রয়েছে, কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, জোন/রিজিওন কার্যালয়গুলোতে গ্রাচ্যুইটির অর্থ প্রদানের ক্ষেত্রে অর্থ প্রেরণ করার পর এক থেকে দুই মাস পর্যন্ত দেরি করে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদেরকে অর্থ প্রদান করা হয়ে থাকে । তাতে অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণ বিড়ম্বনার স্বীকার হচ্ছেন । এজন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর লামগ্র্যান্ড/গ্রাচ্যুইটির অর্থ যদি সরাসরি উক্ত ব্যক্তির নিজস্ব ব্যাংক হিসাবে প্রেরণ করা যায় তাহলে একদিকে যেমন ভোগান্তি কমবে, তেমনি কাজের স্বচ্ছতাও বাড়বে । এছাড়া সেবা সহজিকরণের যে শর্ত সময় ভিজিট এবং ব্যয় কমবে । এ উদ্যোগের মাধ্যমে অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী লামগ্র্যান্ড/গ্রাচ্যুইটির অর্থ (না দাবী প্রত্যয়ন পত্র মোতাবেক নিরীক্ষা আপত্তি ও অন্যান্য পাওনা আদায়/সমন্বয় পূর্বক) নির্দিষ্ট সময়ের মধ্যে কোন ভোগান্তি ছাড়াই তার নিজস্ব ব্যাংক হিসাবে সরাসরি পরিশোধের জন্য জমা হবে । ফলে অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণ তাদের প্রাপ্য অর্থ অতি সহজেই গ্রহণ করতে পারবেন । আগের মত আর দীর্ঘ সময় অপেক্ষা করতে হবে না । | এতে অবসর গ্রহণকারী কর্মকর্তা/কর্মচারীগণ কোন আর্থিক বিড়ম্বনার সম্মুখিন হবে না ।<br>(২) P.R.L গমনের পূর্বে অর্থাৎ নির্ধারিত সময়ের মধ্যে তার ব্যাংক হিসাবে সরকারি লামগ্র্যান্ডের অর্থ পরিশোধ করা যাবে ।<br>(৩) গ্রাচ্যুইটির অর্থ নির্দিষ্ট সময়ের মধ্যে তার ব্যাংক হিসাবে পরিশোধ করা যাবে। ফলে অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণ সকল প্রকার বিড়ম্বনা হতে অব্যাহতি পাবেন এবং অতি দ্রুততার সাথে সংশ্লিষ্টদের পাওনাদি পরিশোধ হবে এবং গ্রাচ্যুইটি প্রদানের বিষয়টি অতি সহজতর হবে । | | |

উদ্ভাবকের নাম:
জনাব মো: আব্দুর রশীদ
প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

| ক্রঃ নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | **উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের যৌক্তিকতা** | উদ্ভাবনের ছবি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। | রাজশাহী রেশম কারখানার পণ্য ম্যানেজমেন্ট সেবা সহজিকরণ | রাজশাহী রেশম কারখানা চালু হওয়ায় কারখানায় উৎপাদিত পণ্য মজুদ, বিক্রয়, বিক্রয়কৃত অর্থের হিসাব সংক্রান্ত "রাজশাহী রেশম কারখানার পণ্য ম্যানেজমেন্ট সেবা সহজিকরণ" শীর্ষক উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত ধারণা বাস্তবায়ন করা হলে কারখানার হিসাবের স্বচ্ছতা থাকবে। | উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করা হলে রাজশাহী রেশম কারখানার উৎপাদিত পণ্য বিক্রয়, মজুদ, বিক্রয়কৃত অর্থের হিসাব অনলাইন ভিত্তিক করা সম্ভব হবে। এছাড়াও দৈনিক, সাপ্তাহিক, মাসিক ও বাৎসরিক হিসাবসহ সকল তথ্যাদি তাৎক্ষণিক জানা যাবে এবং সংরক্ষণ করা সম্ভব হবে। | | |

উদ্ভাবকের নাম:

**জনাব মো: আবুল কালাম আজাদ**

উৎপাদন কর্মকর্তা

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

| ক্র: নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের যৌক্তিকতা | উদ্ভাবনের ছবি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১. | সেরিকালচার বর্ষপঞ্জিকা | পঞ্জিকায় তুঁতচারা রোপণ, তুঁতগাছ প্রুনিং, পলুপালন সিডিউলসহ রেশম চাষ সম্পর্কিত যাবতীয় কার্যাবলী ছবি ও তথ্যসহ পঞ্জিকায় প্রদর্শন করা হবে। | বর্ষপঞ্জিকা সকল বসনী, চাষী ও কার্যালয়ে সরবরাহের ফলে সকলেই জানতে পারবে কোন সময়ে ও কোন তারিখে রেশম চাষে কোন কাজ কখন করতে হবে। এর ফলে স্বল্প শিক্ষিত চাষী/বসনী পঞ্জিকা দেখে সময়মত তাঁর কাজ সম্পাদন করার ব্যাপারে সচেতন থাকতে পারবে। |  | ২০২০-২১ অর্থ বছর সেরিকালচার বর্ষ পঞ্জিকা ছাপা ও সরবরাহ করা হবে। |

উদ্ভাবকের নাম:

**জনাব মো: রেজাউল করিম**

ম্যানেজার(সম্প্র:)

রেশম সম্প্রসারণ কেন্দ্র, সৈয়দপুর

**বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড**
**রাজশাহী ।**
**চলতি অর্থ বছরে উদ্ভাবনী ধারণার বাস্তবায়ন কর্মপরিকল্পনা**

| উদ্ভাবনের নাম | বর্তমান অবস্থা | লক্ষ্য ও উদ্দেশ্য/ সুবিধাভোগী | প্রকল্পটি বাস্তবায়নে প্রাপ্ত সুবিধা / ফলাফল | বাস্তবায়ন কর্মপরিকল্পনা | |
|---|---|---|---|---|---|
| | | | | সময় | কার্যক্রম |
| রাজশাহী রেশম কারখানার পণ্য ম্যানেজমেন্ট সেবা সহজিকরণ | বর্তমানে রাজশাহী রেশম কারখানার পণ্য সাধারণ মানুষকে ক্রয় করতে শোরুমে আসতে হয়। তাদের যুগের সাথে ডিজিটালি অর্থাৎ ঘরে বসে ক্রয় করার সুযোগ নাই। এমনকি কারখানার পণ্য ঘরে বসে দেখার কোন প্লাটফরম নাই। | ১.ডিজিটালি অর্থাৎ ঘরে বসে ক্রয় করার সুযোগ রাখা।<br>২. যে কেউ ঘরে বসে পণ্য পছন্দ করে অর্ডার দিতে পারা।<br>৩. সংশ্লিষ্ট পণ্যটি ঘরে বসেই প্রাপ্য হওয়া। | এটি বাস্তবায়িত হলে সকলে এখন ডিজিটালি অর্থাৎ ঘরে বসে রাজশাহী রেশম কারখানার পণ্য ক্রয় করার সুযোগ পাবে। যে কেউ ঘরে বসে পণ্য পছন্দ করে অর্ডার দিতে পারবে এবং সংশ্লিষ্ট পণ্যটি ঘরে বসেই প্রাপ্য হবেন। | জুলাই/২০২০ | তালিকা ও সংশ্লিষ্ট প্লাটফরমটি প্রণয়ন করা |
| | | | | আগস্ট-অক্টোবর/২০২০ | বিভিন্ন সময়ে সভা করে যাচাই-বাছাইকরণ |
| | | | | নভেম্বর/২০২০ | মূল্যায়ন |
| | | | | ডিসেম্বর/২০২০ | পাইলটিং বাস্তবায়ন |
| | | | | জানুয়ারি/২০২১ | চুড়ান্ত বাস্তবায়ন |

**মো: আবুল কালাম আজাদ**
**উৎপাদন কর্মকর্তা**
**বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।**

**চলতি অর্থ বছরে উদ্ভাবনী ধারণার বাস্তবায়ন কর্মপরিকল্পনা**

| উদ্ভাবনের নাম | বর্তমান অবস্থা | লক্ষ্য ও উদ্দেশ্য/ সুবিধাভোগী | প্রকল্পটি বাস্তবায়নে প্রাপ্ত সুবিধা / ফলাফল | বাস্তবায়ন কর্মপরিকল্পনা | |
|---|---|---|---|---|---|
| | | | | সময় | কার্যক্রম |
| অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণের ১৮ মাসের অভোগ্য অর্জিত ছুটি নগদায়ন (লামগ্রান্ড) অর্থ এবং গ্রাচ্যুইটির অর্থ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর ব্যাংক হিসাবে পরিশোধের সেবা সহজিকরণ | পেনশন/গ্রাচ্যুইটির অর্থ প্রদানে সহজিকরণের বিষয়ে সরকারি নির্দেশনা রয়েছে, কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, জোন/রিজিওন কার্যালয়গুলোতে গ্রাচ্যুইটির অর্থ প্রদানের ক্ষেত্রে অর্থ প্রেরণ করার পর এক থেকে দুই মাস পর্যন্ত দেরি করে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদেরকে অর্থ প্রদান করা হয়ে থাকে। তাতে অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণ বিড়ম্বনার স্বীকার হচ্ছেন। | কোন আর্থিক বিড়ম্বনা ছাড়া গ্রাচ্যুইটি/অভোগ্য অর্জিত ছুটি নগদায়ন অর্থ নির্দিষ্ট সময়ের মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তা /কর্মচারীর ব্যাংক হিসাবে সরাসরি অর্থ পরিশোধ করা। | এতে অবসর গ্রহণকারী কর্মকর্তা/কর্মচারীগণ কোন আর্থিক বিড়ম্বনার সম্মুখিন হবে না।<br><br>(২) P.R.L গমনের পূর্বে অর্থাৎ নির্ধারিত সময়ের মধ্যে তার ব্যাংক হিসাবে সরকারি লামগ্র্যান্ডের অর্থ পরিশোধ করা যাবে।<br><br>(৩) গ্রাচ্যুইটির অর্থ নির্দিষ্ট সময়ের মধ্যে তার ব্যাংক হিসাবে পরিশোধ করা যাবে। ফলে অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণ সকল প্রকার বিড়ম্বনা হতে অব্যাহতি পাবেন এবং অতি দ্রুততার সাথে সংশ্লিষ্টদের পাওনাদি পরিশোধ হবে এবং গ্রাচ্যুইটি প্রদানের বিষয়টি অতি সহজতর হবে | জুলাই/২০২০ | সমস্যা চিহ্নিতকরণ |
| | | | | আগস্ট/২০২০ | যাচাই-বাছাইকরণ |
| | | | | আগস্ট/২০২০ | মূল্যায়ন |
| | | | | অক্টোবর/২০২০ | পাইলটিং বাস্তবায়ন |
| | | | | ফেব্রুয়ারি-মার্চ/২০২০ | চূড়ান্ত বাস্তবায়ন |

হিসাব রক্ষণ কর্মকর্তা
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

## চলতি অর্থ বছরে উদ্ভাবনী ধারণার বাস্তবায়ন কর্মপরিকল্পনা

| উদ্ভাবনের নাম | বর্তমান অবস্থা | লক্ষ্য ও উদ্দেশ্য/ সুবিধাভোগী | প্রকল্পটি বাস্তবায়নে প্রাপ্ত সুবিধা / ফলাফল | বাস্তবায়ন কর্মপরিকল্পনা | |
|---|---|---|---|---|---|
| | | | | সময় | কার্যক্রম |
| সেরিকালচার বর্ষপঞ্জিকা | বর্তমানে বোর্ডের কর্মকর্তা/কর্মচারীগণ সরাসরি/মোবাইলের মাধ্যমে রেশম কার্যক্রমের তথ্য প্রবাহ সরবরাহ করে থাকে। এছাড়াও অভিজ্ঞ চাষী/বসনীগণ এ ধরণের কার্যক্রম নিজেরাই করে থাকে। | পঞ্জিকায় তুঁতচারা রোপণ, তুঁতগাছ প্রুনিং, পলুপালন ও বিশোধন কার্যক্রমের সিডিউলসহ রেশম চাষ সম্পর্কিত যাবতীয় কার্যাবলী ছবি ও তথ্যসহ প্রদর্শন করা হবে। এতে রেশম চাষিরা সিডিউল অনুযায়ী রেশম চাষের সকল কার্যক্রম খুব সহজে করতে পারবে। | বর্ষপঞ্জিকা সকল বসনী, চাষি ও কার্যালয়ে সরবরাহের ফলে রেশম চাষের সংশ্লিষ্ট সকলেই ক্রপ সিডিউল অনুযায়ী কখন ও কোন সময়ে কি কি কাজ করতে হবে তা জানতে পারবে। এতে স্বল্প শিক্ষিত চাষি/বসনী পঞ্জিকা দেখে সময়মত কাজ সম্পাদন করার ব্যাপারে সচেতন থাকতে পারবে। | অক্টোবর/২০২০ | সমস্যা চিহ্নিতকরণ |
| | | | | নভেম্বর/২০২০ | তালিকা প্রণয়ন |
| | | | | ডিসেম্বর/২০২০ | মূল্যায়ন |
| | | | | ফেব্রুয়ারি/২০২০ | পাইলটিং বাস্তবায়ন |
| | | | | মে-জুন/২০২০ | চুড়ান্ত বাস্তবায়ন |

**মো: রেজাউল করিম**
ম্যানেজার(সম্প্র:)
রেশম সম্প্রসারণ কেন্দ্র, সৈয়দপুর




সেবা সহজিকরণে নাগরিক সেবায় উদ্ভাবন সংক্রান্ত প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত আছেন বস্ত্র ও পাট মন্ত্রণালেয়ের মাননীয় অতিরিক্ত সচিব জনাব সাবিনা ইয়াসমিন



ইনোভেশন বিষয়ক কর্মশালায় বক্তব্য রাখছেন বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের মহাপরিচালক জনাব মু: আবদুল হাকিম



উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত প্রশিক্ষণে বক্তব্য রাখছেন
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের মহাপরিচালক জনাব মু: আবদুল হাকিম



সেবা সহজিকরণে নাগরিক সেবায় উদ্ভাবন সংক্রান্ত প্রশিক্ষণ কর্মশালায় প্রশিক্ষণ দিচ্ছেন বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের পরিচালক(উৎপাদন ও বিপণন) জনাব মোছা: নাছিমা খাতুন

| | |
|---|---|
|  | |
| **সেবা সহজিকরণে নাগরিক সেবায় উদ্ভাবন সংক্রান্ত প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত আছেন বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের মহাপরিচালক জনাব মু: আবদুল হাকিম** | |

-----o----